ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৬৪

আগরতলা, ২৯ অক্টোবর ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২৪ অক্টোবর, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় "অধিকাংশ পঞ্চায়েতে কর্তার ইচ্ছায় কর্ম, রক্তচক্ষুর ভয়ে প্রতিবাদ বাকরুদ্ধ" শিরোনামে প্রকাশিত সংবাদটি দুর্গা চৌমুহনি ব্লকের দৃষ্টি আকর্ষণ হয়েছে। এ বিষয়ে দুর্গা চৌমুহনি ব্লকের বিডিও এক স্পষ্টিকরনে জানিয়েছেন যে ,প্রকাশিত সংবাদটি অসত্য, বিভ্রান্তিকর এবং বাস্তব পরিস্থিতি সঠিকভাবে প্রতিফলন হয়নি। স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে গত বছর দুর্গাচৌমুহানি আরডি ব্লকের অধীন সমস্ত গ্রাম পঞ্চায়েত (জিপি) এবং ভিলেজ কমিটির (ভিসি) বার্ষিক ব্যয়ের প্রতিবেদন গ্রামসভায় পুস্তিকার মাধ্যমে প্রকাশ করা হয়েছিল । পাশাপাশি স্বচ্ছতা বৃদ্ধি এবং অনিয়ম রোধ করার জন্য জাতীয় মোবাইল মনিটরিং সিস্টেম (NMMS) প্রতিদিন কর্মক্ষেত্রে কর্মীদের দুটি টাইম-স্ট্যাম্পড, জিও-ট্যাগযুক্ত ছবি তোলা হয় এবং আপলোড করার নির্দেশ দেওয়া হয়। মোহনপুর গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত সচিবের শারীরিক নির্যাতনের কোনও ঘটনা ঘটেনি এবং এ বিষয়ে কোন অভিযোগও করা হয়নি। জনকল্যাণ, জবাবদিহিতা এবং স্বচ্ছতা বজায় রাখতে দুর্গাচৌমুহনি ব্লক সর্বদা সচেষ্ট রয়েছে।

******